



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫.০৭

তারিখ: ০৪ মার্চ, ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী আসন্ন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবগণকে নিম্নে উল্লেখিত নির্দেশনা সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. পরীক্ষা কেন্দ্রের চারপাশে সীমানা প্রাচীর থাকতে হবে।
২. কেন্দ্রের গুরুত্বপূর্ণ সকল স্থানে/কক্ষে সিসি টিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করতে হবে।
৩. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় ছাত্র এবং ছাত্রীদের দেহ তল্লাশীর জন্য মেইন গেটের সাথে পৃথক কক্ষ/বুথের ব্যবস্থা করতে হবে।
৪. ছাত্রীদের ক্ষেত্রে দেহ তল্লাশীর সময় মহিলা শিক্ষকের ব্যবস্থা থাকতে হবে।
৫. কেন্দ্রের সকল পরীক্ষা কক্ষে দেয়াল ঘড়ি, পর্যাপ্ত লাইট ও ফ্যানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৬. “পরীক্ষা পরিচালনা নীতিমালা ২০১২” অনুযায়ী কেন্দ্রে পরীক্ষার্থীদের আসন বিন্যাসের ক্ষেত্রে ৬ ফুট সাইজের বেঞ্চে ২ জন এবং ৬ ফুটের কম বেঞ্চ/ট্যাবলেটেড চেয়ারে ১ জন পরীক্ষার্থীর বসার ব্যবস্থা থাকতে হবে।
৭. কেন্দ্রের ল্যাব বা ওয়ার্কসপে যন্ত্রপাতি নিশ্চিত থাকতে হবে।
৮. গণমাধ্যম কর্মীগণ (ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়া/সামাজিক যোগাযোগ মাধ্যম) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত অনুমতিপত্র প্রদর্শনপূর্বক পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন।

স্বা/-

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

তারিখ: ০৪ মার্চ, ২০২৬ খ্রিঃ

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/
প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫.০৭(১১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩) মহা-পরিচালক, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
- ৪) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক (সকল জেলা)।
- ৬) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ৮) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
- ৯) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ১১) সংশ্লিষ্ট নথি।

Abbas
০৪/০৩/২০২৬

(প্রকৌশলী জাকারিয়া আক্বাসী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)